ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫৩৭৮

আগরতলা, ২৬ ফেব্রুয়ারি, ২০২৬

**কদমতলায় শয্যাশায়ী রোগীর বাড়িতে গিয়ে স্বাস্থ্য পরীক্ষা**




বয়স্ক ও অসুস্থ শয্যাশায়ী রোগীদের বাড়িতে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার উদ্দেশ্যে উত্তর জেলার কদমতলা সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত উত্তর ফুলবাড়ি আয়ুষ্মান আরোগ্য মন্দিরের উদ্যোগে স্বাস্থ্যকর্মীরা গত ২৫ ফেব্রুয়ারি প্রেমতলা এলাকায় বাড়ি ভিত্তিক স্বাস্থ্য পরিদর্শন ও সচেতনতা কর্মসূচি করেন। এদিন স্বাস্থ্যকর্মীরা প্রেমতলা এলাকার ৫৫ বছর বয়সী শয্যাশায়ী এক রোগীর বাড়িতে গিয়ে তাঁর শারীরিক অবস্থা পর্যালোচনা করেন। রোগী গত দুই বছর যাবৎ স্ট্রোকপরবর্তী জটিলতা এবং শরীরের বাম দিকের পক্ষাঘাতে ভোগছেন। পরিদর্শনকালে স্বাস্থ্যকর্মীরা রোগীর ব্লাড সুগার, রক্তচাপ এবং হিমোগ্লোবিনসহ প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা করেন। দীর্ঘদিন বিছানায় শুয়ে থাকার কারণে 'বেড-সোর' বা পিঠে ক্ষতের ঝুঁকি সম্পর্কে স্বাস্থ্যকর্মীরা পরিবারের অভিভাবকদের বিস্তারিতভাবে অবহিত করেন। এছাড়াও স্বাস্থ্যকর্মীরা রোগীর পিঠের যত্ন নেওয়া, নির্দিষ্ট সময় অন্তর শোয়ার অবস্থান পরিবর্তন করা এবং পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য পরামর্শ প্রদান করেন। তাছাড়া রোগীর দ্রুত উন্নতি এবং শারীরিক সক্ষমতা বজায় রাখার জন্য নিয়মিত ওষুধ সেবনের গুরুত্ব এবং চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ওষুধ গ্রহণের জন্য পরিবারের অভিভাবকদের প্রতি আহ্বান রাখেন।এই কর্মসূচিতে কমিউনিটি হেলথ অফিসার মণিরা বেগম এবং আশাকর্মী অর্চনা পুরকায়স্থ উপস্থিত ছিলেন। রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তার কার্যালয় থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*******